

Prag (ICT DATA)  
11/09/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
রক্ষণাবেক্ষণ অধিশাখা।  
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৫৪.১৬-৪৫৮

তারিখ: ০৭.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে সিলেট সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকা অনুমোদন সংক্রান্ত।

সূত্র: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সিলেট সড়ক জোন, সিলেট এর পত্র নং-এসজেড/৫৫/২৩২৩, তারিখ: ০৭.০৮.২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সিলেট সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল:


ক্রম	সড়ক বিভাগের নাম	মহাসড়কের নাম	মহাসড়কের চেইনেজ	প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ)	কাজের ধরণ	সম্ভাব্য কাজের ব্যয় (লক্ষ টাকায়)
১	সিলেট	ঢাকা(কোচপুর)-ভৈরব-জগদীশপুর-শায়েজগঞ্জ-শেরপুর-সিলেট-তামাবিল-জাফলং মহাসড়ক (এন-২)	২৩৮+০০০-২৩৮+৪০০ শাহপাড়া বাইপাস হতে দাসপাড়া বাজার ২৪২+০৫০-২৪৪+৩০০ বটেশ্বর বাজার হতে শুক্রবাড়ী	২.৬৫০	চেইনেজ ২৩৮+০০০-২৩৮+৪০০ পর্যন্ত মজবুতকরণসহ ২.৬৫০ কিলোমিটার মহাসড়কে ৫০ মি.মি. ডিবিএস ওয়ারিং কোর্স	৮৫৪.০০
২		ক্লিন ব্রিজ-নাইওরপুল মহাসড়ক (এন-২০৬)	০১+৪৯৭-০১+৭৯৭ ওসমানী শিশু পার্ক হতে নাইওরপুল	০.৩০০	৫০ মি.মি ওভারলে (ডিবিএস ওয়ারিং কোর্স)	
৩		আব্বুরখানা-শাহী ঈদগাহ-এম.সি কলেজ-টিলাগড় মহাসড়ক (আর-২৪৮)	০১+৫৬০-০৪+২৬০ ঈদগাহ হতে টিলাগড় পর্যন্ত	২.৭০০	৫০ মি.মি ওভারলে (ডিবিএস ওয়ারিং কোর্স)	
৪	হবিগঞ্জ	বীর মুক্তিযোদ্ধা কমান্ডেন্ট মানিক চৌধুরী মহাসড়ক (আর-২২১)	০০+০০০-১৪+৪৪২ কামড়াপুর বাজার হতে নসরতপুর রেল ক্রসিং	১৪.৪৪২	০০+০০০-০০+১৪৬, ০০+৫০০-০০+৬৫০ ০১+২০০-০১+৫০০, ০২+১০০-০২+২০০ ০২+৭০০-০৩+০০০, ০৩+৭০০-০৪+০০০ ০৪+২০০-০৪+৩০০, ০৫+১০০-০৫+১৫০ ০৫+৫০০-০৬+০০০, ০৬+৩০০-০৬+৭০০ ১০+৩০০-১০+৪০০, ১১+০০০-১১+৫০০ ১২+০০০-১২+৫০০ মোট = ৩.৮৪৬ কিলোমিটার মজবুতকরণসহ ১৪.৪৪২ কিলোমিটার মহাসড়কে ৫০ মি.মি ডিবিএস ওয়ারিং কোর্স	১২৪৪.৮৯
৫	মৌলভীবাজার	রাজনগর-কুলাউড়া-জুড়ী-বড়লেখা-বিয়ানীবাজার-শেওলা-চারখাই মহাসড়ক (আর-২৮১)	১৬+০০০-১৮+৮০০ চুনঘর-চাতল গ্যাস অফিস ২১+৮০০-২২+৬০০ কুশাইনগর-কুশাইনগর ২৩+০০০-২৪+০০০ কুশাইনগর-রামপাশা ২৫+২০০-২৭+০০০ রামপাশা-আছুরীঘাট ৩৭+০০০-৩৭+২২৫ হাতলীঘাট-হাতলীঘাট ৩৭+৪৭৫-৩৭+৬২৫ হাতলীঘাট-হাতলীঘাট ৩৭+৮২৫-৩৯+০০০ হাতলীঘাট-সফরপুর ৪৫+৫০০-৪৬+৮০০ বরাইতলী-পাখিমালা চৌমুহনা ৪৮+৩০০-৪৮+৯০০ বড়লেখা রেলগেট-গাজিটেকা	৯.৭০০	মজবুতকরণ: ১৬+২০০-১৬+২৫০, ১৭+৬৫০-১৭+৭০০ ২২+৪২৫-২২+৪৮০, ২৩+১৩০-২৩+১৯০ ২৫+৪০০-২৫+৬২০, ২৫+৭৩৭-২৫+৭৮৭ ২৫+৮৪৬-২৫+৯৯৬, ২৬+২৫০-২৬+৪১৫ ২৬+৪৫০-২৬+৫৯০, ৩৮+৫০০-৩৮+৫৫০ ৪৫+৫০০-৪৫+৬৫০, ৪৬+৩০০-৪৬+৪০০ ৪৮+৪০০-৪৮+৫৫০ মোট ১২.৯০ মিটার মজবুতকরণসহ ৯.৭০০ কিলোমিটার মহাসড়কে ৫০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স	১১৯৮.৩৫
৬	সিলেট	রাজনগর-কুলাউড়া-জুড়ী-বড়লেখা-বিয়ানীবাজার-শেওলা-চারখাই মহাসড়ক (আর-২৮১)	৬৯+৩০০-৬৯+৫৯০ আব্দুল্লাহপুর-আব্দুল্লাহপুর ৭০+০৯০-৭০+৮৮০ বৈরাগীবাজার-বৈরাগীবাজার ৭২+০০০-৭২+৭৬০ কাকরদিয়া-কাকরদিয়া ৭৩+৭৩০-৭৪+১৫০ উত্তর কাকরদিয়া-দক্ষিণভাগ, ৮০+০০০-৮৩-৮৯০ শেওলা-চারখাই	৬.১৫০	৭০+৬২০-৭০+৮৮০, ৮৩+৩৭০-৮৩+৫০০ পর্যন্ত পুনঃনির্মাণ এবং ৬৯+৩০০-৬৯+৫৯০, ৭০+০৯০-৭০+৬২০ ৮০+০০০-৮০+৮০০ মোট ১৬.২০ মিটার মজবুতকরণসহ ৬.১৫০ কিলোমিটার মহাসড়কে ৫০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স	
৭	সিলেট	গোলাপগঞ্জ-ঢাকা দক্ষিণ-ভাদেশ্বর মহাসড়ক (আর-২৫১)	০১+০০০-০৪+০০০ রণকেন্দ্রী-ধরাবारे ০৫+৪২৫-০৭+০০০ রায়গড়-ঢাকা দক্ষিণ ১১+৭৬০-১৩+০০০ ভাদেশ্বর-ভাদেশ্বর বাজার	৫.৮১৫	০২+২০০-০২+৩০০, ০২+৫০০-০২+৬৫০ ০৬+৩০০-০৭+০০০, ১২+৬০০-১৩+০০০ মোট ১৩.৫০ মিটার মজবুতকরণসহ ৫.৮১৫ কিলোমিটারে ৫০ মি.মি. ডিবিএস ওয়ারিং কোর্স	
৮	সিলেট	দাউদাবাদ-দাউদাপুর-ভাদেশ্বর (ঢাকাদক্ষিণ) মহাসড়ক (জেড-২৮৩২)	০০+০০০-০৩+১০০ দাউদাবাদ-চৌধুরীবাজার ০৭+৭০০-০৯+৪০০ রাখালগঞ্জবাজার-লক্ষণাবন্দ ১১+৮৫০-১২+০০০ কামারবাড়ী-মটুকটিলা ১৪+৩৭০-১৪+৪৭০ মুখিটুলা-মুখিটুলা ১৫+২৫০-১৫+৩৩০ মুখিটুলা কানিশাইল ১৫+৭৩৮-১৫+৮৩৮ কানিশাইল-ঢাকাদক্ষিণ	৫.৩৮০	১১+৮৫০-১২+০০০ পর্যন্ত পুনঃনির্মাণ; ০০+০০০-৩+১০০, ০৭+৭০০-০৯+৪০০ ১২+১০০-১২+২৫০, ১৪+৩৭০-১৪+৪৭০ ১৫+২৫০-১৫+৩৩০, ১৫+৭৩৮-১৫+৮৩৮ মোট ৫.২৩০ মিটার মজবুতকরণ; ৮+৪৫০-৮+৫১০, ১১+৩৭০-১২+০০০ (উভয় পাশ), ১৪+৩৭০-১৪+৪৭০, ১৫+৭৩০-১৫+৭৯০ মোট ৫.২০ মিটার সসার ড্রেন নির্মাণ; ১১+৮৫০- ১২+০০০=১৫০ মিটার আরসিসি প্রেইট প্যালাসাইডিংসহ ৫.৩৮০ কিলোমিটার মহাসড়কে ৪০ মি.মি. ডিবিএস ওয়ারিং কোর্স	১০৭৮.১৫
মোট				৪৭.১৩৭		৪৩৭৫.৩৯

শর্ত:

- ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;
- ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;
- দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভুক্ত করতে হবে;
- DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;
- গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

চলমান পাতা-০২

- ০৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;
- ০৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;
- ০৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ০৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;
- ১০। বর্ষা মৌসুমে কৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;
- ১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরু তারিখ হতে (Notice to commence) সর্বোচ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভুক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভুক্ত করা যাবে।
- ১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত ন্যূনতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;
- ১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
- ১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন, ২০১৬ (১) অংশ, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়া গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;
- ১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;
- ১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দুর্বল/ক্ষতিগ্রস্ত থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২১। সড়কের পার্শ্ব ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যতায় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ
- ২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে ন্যূনতম Class-35 এবং জেলা মহাসড়কে ন্যূনতম Class-30 মানের হতে হবে;
- ২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচী বাস্তবায়ন করতে হবে;
- ২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে; এবং
- ২৫। ব্রিক ইউ ব্লকের পরিবর্তে সসার ব্লক এবং সসার ব্লকের প্রান্ত ক্রস ব্লকের সাথে এমন ভাবে সংযুক্ত করতে হবে যেন সহজেই পানি চলে যেতে পারে এবং বাল্বা প্যালাসাইডিং এর পরিবর্তে RCC Plate প্যালাসাইডিং করতে হবে এবং খুটির ৪০% মাটির নিচে পুঁতে দিতে হবে।

  
(মোঃ নজরুল ইসলাম সরকার)  
উপসচিব

ফোন: ৯৫১৪০৭৫।

dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ২। জনাব মনীন্দ্র কিশোর মজুমদার, যুগ্মসচিব (সম্পত্তি) ও মনিটরিং টিম প্রধান, টিম নং-০৩, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্তসচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট সড়ক জোন, সিলেট।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। অফিস কপি/ মাস্টার কপি।